



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer WorkSheet- 8

Class: 4



Subject: Bengali Gram(গল্প লিখন)

Date: 04/08/2020

সংকেত :-

এক টুপি বিক্রেতা দূরের মেলায় যাচ্ছিল ---- গাছতলায় বিশ্রাম নিতে গিয়ে ঘুমিয়ে পড়ল ----
জেগে দেখে টুপির ঝুড়ি খালি ----- গাছে বাঁদরের চেঁচামেচি ---- প্রত্যেক বাঁদরের মাথায় টুপি-
-- বিক্রেতা নিজের মাথার টুপি ছুঁড়ে ফেলে ----- বাঁদরেরা তা অনুকরণ করে ----- টুপি
বিক্রেতা সব টুপি ফিরে পায় ।

টুপি বিক্রেতা ও বাঁদরের গল্প

একদিন এক টুপি বিক্রেতা টুপি বিক্রি করতে মেলায় যাচ্ছিল । যেতে যেতে সে ক্লান্ত হয়ে
পড়ে । এক গাছতলায় বিশ্রাম নেবার জন্য বসে । কিছুক্ষনের মধ্যে সে ঘুমিয়ে পড়ে । ঘুম
থেকে উঠে সে দেখে তার ঝুড়িতে একটাও টুপি নেই । হঠাৎ সে শুনতে পায়, গাছে বাঁদরেরা
চিৎকার চেঁচামেচি করছে । সে উপরের দিকে তাকিয়ে দেখে প্রত্যেক বাঁদরের মাথায় একটি
করে টুপি । সে তখন রাগ করে বাঁদরদের দিকে দেখতে থাকে এবং সে লক্ষ্য করে বাঁদরেরা
তার দিকে রাগ করে তাকাচ্ছে । তখন সে বুঝতে পারে যে বাঁদরেরা অনুকরণ প্রিয় । সে
তখন তার নিজের মাথার টুপি মাটিতে ছুঁড়ে ফেলে । তার দেখাদেখি বাঁদরেরা তাদের মাথা
থেকে টুপিগুলো ছুঁড়ে মাটিতে ফেলে দেয় । টুপি বিক্রেতা খুব তাড়াতাড়ি টুপিগুলো মাটি থেকে
তুলে নিয়ে মেলার দিকে রওনা দেয় ।

Manashi Chaudhuri